Cosmo School

**শ্রেণি: অষ্টম**

**বিষয়: বাংলা ১ম পত্র**

একুশের গান

১. 'আমার শহিদ ভাইয়ের আত্মা ডাকে' এখানে কোন শহিদের কথা বলা হয়েছে?
ক) একাত্তরের মুক্তিযুদ্ধের খ) বায়ান্ন ভাষা আন্দোলনের
গ) ঊনসত্তরের গণঅভ্যুত্থানের ঘ) নব্বইয়ের গণআন্দোলনের

নিচের কবিতাংশটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:

কেননা
আমার বৃদ্ধ পিতার শরীরে
এখন পশুদের প্রহারের
চিহ্ন;

২. কবিতাংশের সাথে নিচের কোন লাইনটির মিল খুঁজে পাওয়া যায়?
ক) তুমি আজ জাগো তুমি আজ জাগো একুশে ফেব্রুয়ারি
খ) দারুণ ক্রোধের আগুনে আবার জ্বালানো ফেব্রুয়ারি
গ) দিন বদলের ক্রান্তি লগনে তবু তোরা পার পাবি?
ঘ) দেশের সোনার ছেলে খুন করে রোখে মানুষের দাবি

৩. উদ্দীপকে বর্ণিত পশুদের ন্যায় 'একুশের গান' কবিতায় পশু হচ্ছে-
i) ওরা এদেশের নয়-চরণের 'ওরা'
ii) দিন বদলের ক্রান্তি লগনে তবু তোরা পার পাবি?-চরণের 'তোরা'
iii) তুমি আজ জাগো তুমি আজ জাগো একুশে ফেব্রুয়ারি-চরণের 'তুমি'
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. 'ডানপিটে শওকত' গ্রন্থটির লেখক কে?
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) আবদুল গাফ্‌ফার চোধুরী
গ) কামরুল হাসান ঘ) মানিক বন্দ্যোপাধ্যায়

৫. আবদুল গাফ্‌ফার চৌধুরীর জন্ম সাল কত?
ক) ১৯২৪ খ) ১৯৪৪
গ) ১৯৫৪ ঘ) ১৯৩৪

৬. কবি আবদুল গাফ্‌ফার চৌধুরী কার ডাকে মানুষের সুপ্ত শক্তিকে জাগতে বলছেন?
ক) জালিমের ডাকে খ) শোষকের ডাকে
গ) শহিদের আত্মার ডাকে ঘ) দেশের ডাকে

৭. কবি আবদুল গাফ্‌ফার চোধুরী হাটে মাঠে ঘাটে বাঁকে কী জেগে উঠার আহ্বান জানিয়েছেন?
ক) মানুষের অতীত স্মৃতি খ) মানুষের সুপ্ত শক্তি
গ) দুর্বার আন্দোলন ঘ) মানুষের ঐক্য

৮. কবি আবদুল গাফ্‌ফার চৌধুরী দারুণ ক্রোধের আগুনে আবার কী জ্বালাতে চান?
ক) মার্চ খ) ফেব্রুয়ারি গ) এপ্রিল ঘ) ডিসেম্বর

৯. বাংলার বুকে কাদের ঘৃণ্য পদাঘাত পড়ে?
ক) উপজাতিদের খ) রোহিঙ্গাদের
গ) পাকিস্তানিদের ঘ) ইংরেজদের

১০. 'একুশের গান' কবিতায় ওরা কী বিক্রয় করে?
ক) দেশের ভাগ্য খ) মায়ের ভাগ্য
গ) বোনের ভাগ্য ঘ) ভাষার ভাগ্য

১১. এদেশের প্রাণের দাবিকে রুখতে কারা গুলি ছোড়ে?
ক) বার্মিজরা খ) ভারতীয়রা
গ) ইংরেজরা ঘ) পাকিস্তানিরা

১২. 'একুশের গান' কবিতা অবলম্বনে কারা দেশের ভাগ্যকে বিক্রি করে?
ক) ফরাসিরা খ) ইংরেজরা
গ) পাকিস্তানিরা ঘ) ভারতিরা

১৩. ছেলে হারা শত মায়ের কী দিয়ে গড়া একুশে ফেব্রুয়ারি?
ক) রক্ত দিয়ে খ) অশ্রু দিয়ে
গ) ক্রোধের আগুন দিয়ে ঘ) আন্দোলন দিয়ে

১৪. 'একুশের গান' কবিতা অবলম্বনে বাংলাদেশের কোন মাসটি রক্তে রাঙানো?
ক) জানুয়ারি খ) ফেব্রুয়ারি
গ) মার্চ ঘ) ডিসেম্বর

১৫. কবি আবদুল গাফ্‌ফার চৌধুরী কীসের বিক্ষোভে আজ বসুন্ধরা কাঁপবে বলছেন?
ক) কিশোর হত্যার খ) নারী হত্যার
গ) শিশু হত্যার ঘ) কিশোরী হত্যার

১৬. 'একুশের গান' কবিতায় কোন ফুলের নাম উল্লেখ করা হয়েছে?
ক) শাপলা খ) রজনীগন্ধা
গ) হাসনাহেনা ঘ) কানকচাঁপা

১৭. কবি আবদুল গাফ্‌ফার চৌধুরী কীসের বিক্ষোভে নাগিনী-কালবোশেখিদের জাগতে বলছেন?

ক) বুদ্ধিজীবী হত্যার খ) নারী হত্যার
গ) শিশু হত্যার ঘ) কিশোর হত্যার

১৮. 'একুশের গান' কবিতা অবলম্বনে দিন বদলের ক্রান্তি লগনে কারা পার পাবে না?
ক) পূর্ব পাকিস্তানিরা খ) পাকিস্তানি শোষকরা
গ) ব্রিটিশ শোষকরা ঘ) দেশের শোষকরা

১৯. খুনরাঙা ইতিহাসে শেষ রায় দেওয়া কোনটি?
ক) একুশে ফেব্রুয়ারি খ) একুশে মার্চ
গ) একুশে এপ্রিল ঘ) একুশে জুন

২০. 'রাত জাগা চাঁদ চুমো খেয়েছিল হেসে'-এর পরের চরণ কোনটি?
ক) সেই আঁধারের পশুদের মুখ চেনা
খ) পথে পথে ফোটে রজনীগন্ধা অলকনন্দা যেন
গ) আমার শহিদ ভাইয়েরর আত্মা ডাকে
ঘ) এমন সময় ঝড় এলো এক, ঝড় এলো ক্ষ্যাপা বুনো

২১. কবি আবদুল গাফ্ফারের ভাষায় কার আত্মা ডাকে?
ক) ভাষা সৈনিকদের খ) পাপীদের
গ) শহিদ ভাইয়ের ঘ) শ্মশানবাসীর

২২. একুশের গান কবিতায় পথে পথে কী ফোটে?
ক) সূর্যমুখী খ) রজনীগন্ধা
গ) কৃষ্ণচূড়া ঘ) গোলাপ

২৩. 'অলকনন্দা' কী?
ক) ক্রোধের আগুন খ) কালবোশাখি ঝড়
গ) অশ্রুধারা ঘ) স্বর্গীয় নদীর ধারা

২৪. 'ক্রান্তি' শব্দের অর্থ কী?
ক) লগ্ন খ) পরিবর্তন গ) পরিশ্রান্ত ঘ) কষ্টকর

২৫. 'বসুন্ধরা' শব্দের অর্থ কী?
ক) শিল্প প্রতিষ্ঠান খ) পৃথিবী
গ) সমুদ্র ঘ) বর্ষাকাল

২৬. 'একুশের গান' কবিতাটি পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা কোনটি জানতে পারবে?
ক) মুক্তিযুদ্ধে বাঙালির আত্মত্যাগ সম্পর্কে
খ) শিক্ষা-আন্দোলনে বাঙালির আত্মত্যাগ সম্পর্কে
গ) ভাষা আন্দোলনে বাঙালির আত্মত্যাগ সম্পর্কে
ঘ) ঊনসত্তরে বাঙালির আত্মত্যাগের সম্পর্কে

২৭. 'একুশের গান' প্রথম ছাপা হয় কত সালে?
ক) ১৯৫১ খ) ১৯৫২ গ) ১৯৫৩ ঘ) ১৯৫৪

২৮. 'একুশে ফেব্রুয়ারি' সংকলনটি সম্পাদনা করেন কে?
ক) আবদুল গাফ্ফার চোধুরী খ) কাজী নজরুল ইসলাম
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) হাসান হাফিজুর রহমান

২৯. 'ভাষা আন্দোলন' কত সালে সংঘটিত হয়েছে?
ক) ১৯৫০ খ) ১৯৫১ গ) ১৯৫২ ঘ) ১৯৫৩

৩০. 'ওরা গুলি ছোড়ে'-এখানে 'ওরা' বলা হয়েছে কাদের?
ক) তৎকালীন শাসকদের খ) পাকিস্তানি সৈন্যদের
গ) মাতৃভাষা অবজ্ঞাকারীদের ঘ) স্বাধীনতা বিরোধীদের

৩১. কবি আবদুল গাফ্‌ফার চৌধুরী 'ক্ষ্যাপা বুনো' বলতে বুঝিয়েছেন-
ক) বনের হিংস্র জন্তুদের খ) পাকিস্তানি শোষকদের
গ) ইংরেজ শাসকদের ঘ) একাত্তরের দালালদের

৩২. কবি আবদুল গাফ্ফার চৌধুরী কেন মানুষের সুপ্ত শক্তিকে জাগতে বলছেন?
ক) জালিমের কারাগার থেকে মুক্তির জন্য
খ) দেশ রক্ষার জন্য
গ) গণতন্ত্রের মুক্তির জন্য
ঘ) অর্থনৈতিক মুক্তির জন্য

৩৩. কবি আবদুল গাফ্ফার চৌধুরী ফেব্রুয়ারিকে আবার জ্বালাতে চান কেন?
ক) অন্যায়ের প্রতিবাদ করার জন্য
খ) শত্রুদের সমূলে নির্মূলের জন্য
গ) গণতন্ত্রকে প্রতিষ্ঠার জন্য
ঘ) অর্থনীতিকে পুনঃপ্রতিষ্ঠার জন্য

৩৪. পাকিস্তানিদের তরে মায়ের, বোনের, ভায়ের চরম ঘৃণা কেন?
ক) ওরা মাতৃভাষাকে কেড়ে নিতে চেয়েছিল
খ) ওরা এদেশে বসবাস করতে চায়
গ) ওরা দেশের গণতন্ত্রকে নস্যাৎ করতে চায়
ঘ) ওরা দুদেশের সম্পর্ক নষ্ট করতে চায়

৩৫. 'আন্তজার্তিক মাতৃভাষা দিবস' হিসেবে পালিত হয়-
ক) ছাব্বিশে মার্চ খ) ষোলোই ডিসেম্বর
গ) চৌদ্দই ডিসেম্বর ঘ) একুশে ফেব্রুয়ারি

৩৬. 'ওরা এদেশের নয়'-'একুশের গান' কবিতায় যাদের কথা বলা হয়েছে-
ক) পশ্চিমের শোষক খ) ইংরেজ বেনিয়া
গ) মায়ানমারের রোহিঙ্গা ঘ) রোহিঙ্গা শরণার্থী

৩৭. 'আমি কি ভুলিতে পারি'- কবি ভুলতে পারেন না-
ক) যুদ্ধাহতদের খ) ভাষার দাবি
গ) মুক্তিযোদ্ধাদের ঘ) একুশে ফেব্রুয়ারিকে

৩৮. ‘একুশের গান’ কবিতায় কবি কেন একুশে ফেব্রুয়ারিকে ভুলতে পারেন না?
ক) শত মায়ের অশ্রুতে গড়া বলে
খ) শিশুদের হত্যা করা হয়েছে বলে
গ) রজনীগন্ধা অলকানন্দা ফোটে না বলে
ঘ) শহিদ ভাইয়ের আত্মা ডাকে বলে

৩৯. কবি আব্দুল গাফ্‌ফার চৌধুরী কেন কালবোশেখির জাগার জন্য বলেছেন?
ক) বৈশাখি ঝড়ে সব ধুয়ে যাবে
খ) বৈশাখি ঝড়ের মতো ক্ষিপ্রতায় সকল অন্যায় দূর হবে
গ) বৈশাখি ঝড়ে কবির জন্ম হয়েছে
ঘ) বৈশাখি রোদে কবি আন্তর্জ্বালা মেটানোর জন্য

৪০. ‘এমন সময় ঝড় এলো এক’-কবি আবদুল গাফ্‌ফার চৌধুরী এখানে ‘ঝড়’ বলতে বুঝিয়েছেন-
ক) বাতাসের প্রবল প্রবাহ খ) আসন্ন বিপদ
গ) শোষকদের আক্রমণ ঘ) শোকের প্রবাহ

৪১. ‘প্রভাতফেরির মিছিল যাবে ছড়াও ফুলের বন্যা,
বিষাদগীতি গাইছে পথে তিতুমীরের কন্যা।’
-উদ্ধৃতাংশের সাথে সাদৃশ্যপূর্ণ কবিতা হচ্ছে-
ক) নারী খ) প্রার্থী
গ) জাগো তবে অরণ্য কন্যারা ঘ) একুশের গান

৪২. ‘একুশ আমাদের অহংকার একুশ আমাদের গর্ব, একুশ আমাদের ইতিহাস, একুশ মানেই বাঙালি জাতি।’ উদ্দীপকে যে বিষয়টি ফুটে উঠেছে-
ক) বাঙালি জাতীয়তাবাদ খ) শহিদের স্মরণ
গ) বাঙালির আত্মত্যাগ ঘ) পাকবাহিনীর নৃশংসতা

৪৩. ‘আমরা ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি’- উদ্দীপকের সঙ্গে কোন বিষয়টি সম্পর্কিত?
ক) গণ-অভ্যুত্থান খ) মুক্তিযুদ্ধ
গ) ভাষা-আন্দোলন ঘ) ছয় দফা আন্দোলন

৪৪. ‘১৯৭১ সালে এদেশের অনেক মানুষ তাদের প্রাণ উৎসর্গ করেছে।’ উদ্দীপকের সঙ্গে ‘একুশের গান’ কবিতার কোন বিষয়টি মিল রয়েছে?
ক) ৫২ এর ভাষা আন্দোলন খ) ৬৯ এর গণ-অভ্যুত্থান
গ) ৬৬ এর ছয় দফা ঘ) ৪৭ এর দেশ বিভাগ

৪৫. ‘একুশের গান’ কবিতাটি পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা যা জানতে পারবে-
ক) বাঙালির সংগ্রামী চেতনা খ) মুক্তিযুদ্ধের চেতনা
গ) বাঙালির মনোবৃত্তি ঘ) বাঙালির উদ্দেশ্য

৪৬. আবদুল গাফ্‌ফার চৌধুরীকে বলা হয়-
ক) প্রকৃতি সচেতন কবি খ) সমাজমনস্ক লেখক
গ) বিজ্ঞানমস্ক লেখক ঘ) রাজনীতি সচেতন কবি

৪৭. ‘ছেলেহারা শত মায়ের অশ্রু-গড়া’ চরণে অশ্রু বিসর্জন মূলত কীসের জন্য?
ক) শহিদদের স্মরণে খ) পাক বাহিনীর শোষণে
গ) রাষ্ট্রভাষার দাবিতে ঘ) দেশপ্রেমের জন্য

৪৮. ‘পথে পথে ফোটে রজনীগন্ধা’ চরণে এই পথের রজনীগন্ধা কারা?
ক) ভাষা-শহিদরা
খ) ২১ শে ফেব্রুয়ারির মিছিলগামী জনতা
গ) পাকবাহিনী
ঘ) পাক সরকার

৪৯. ‘এমন সময় ঝড় এলো, ঝড় এলো ক্ষ্যাপা বুনো’-চরণটিতে কবি যে বিষয়টি উপস্থাপন করছেন-
ক) মানুষের উত্তাল মিছিল ধ্বনি
খ) মানুষের ওপর নির্বিচারে গুলিবর্ষণ
গ) বৃষ্টির প্রবাহ বুঝিয়েছেন
ঘ) পাকিস্তানিদের অসহায়তা

৫০. ‘ওদের ঘৃণ্য পদাঘাত এই বাংলার বুকে’-বাক্যটিতে প্রকাশ পেয়েছে-
ক) পাকিস্তানিদের নির্মমতা খ) মানুষের অক্ষমতা
গ) বাঙালির নির্মমতা ঘ) শহিদদের প্রতি রুক্ষতা

৫১. হাসান হাফিজুর রহমান সম্পাদিত ‘একুশে ফেব্রুয়ারি’ একটি-
ক) উপন্যাস খ) নাটক
গ) সংকলন ঘ) প্রবন্ধ সংকলন